



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৯৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি./তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৩৪২

তাং- ১৮ জুন ২০২৩ খ্রি:

## শ্রেণি বিজ্ঞপ্তি

### কুবির সাথে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের দ্বিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষর

টেকসই উন্নয়নের লক্ষ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সাথে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (BCSIR) একটি দ্বিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন এই চুক্তিতে স্বাক্ষর করেন। আজ রোববার (১৮ জুন) সকাল ১১.৩০ ঘটিকায় ঢাকা ধানমন্ডি-২ বিসিএসআইআরের সভা কক্ষে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্পন্ন হয়। এতে বিসিএসআইআরের পক্ষে স্বাক্ষর করেন বিসিএসআইআরের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ। এছাড়াও স্বাক্ষরী হিসেবে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোঃ আমিরুল হক চৌধুরী এবং আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ রশিদুল ইসলাম শেখ। বিসিএসআইআরের পক্ষে স্বাক্ষর করেন বিসিএসআইআরের সচিব শাহ আবদুল তারিক এবং সিনিয়র স্যাক্ষরিক অফিসার ও রিসার্চ কোঅর্ডিনেটর মোঃ অহিদুল আকবর।

এই চুক্তির মাধ্যমে ভবিষ্যতে গবেষণার মাধ্যমে দেশের টেকসই উন্নয়নে দুইটি প্রতিষ্ঠানই বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, গবেষণা প্রকল্পে সহায়তা, ডিজাইন ও বাস্তবায়নে কাজ করে যাবে। মোট আটটি ধারায় এই চুক্তি স্বাক্ষরিত হয়। ধারণাগুলোর প্রধান উদ্দেশ্যগুলো হলো- জার্নাল আর্টিকেল শেয়ারিং, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত তথ্য আদান-প্রদান, সেই বিষয়ে সম্মেলন-সেমিনার, যৌথ তত্ত্বাবধানে স্নাতকোত্তর, এম.ফিল ও পিএইচডি প্রদান, বৈজ্ঞানিক যন্ত্রপাতি আদান-প্রদান, যৌথ প্রকাশনা ও গবেষণা ফলাফলের পেটেন্ট প্রক্রিয়াকরণ এবং প্রতিষ্ঠান দুটির গবেষণা প্রদর্শন ও প্রশিক্ষণের ব্যবস্থাকরণ।

মাননীয় উপাচার্য বলেন, মানসম্মত শিক্ষাকে এগিয়ে নিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভিশনের অংশ হিসেবে আমরা বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের সাথে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছি। এই MoU বিজ্ঞানের ক্ষেত্রে গবেষণা এবং শিক্ষার অগ্রগতিতে আমাদের যৌথ লক্ষ্যকে সহজতর করবে। আমরা আজ যে অংশীদারিত্ব তৈরি করেছি তা BCSIR এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মধ্যে সহযোগিতামূলক গবেষণা উদ্যোগ, সংস্থান ভাগাভাগি এবং দক্ষতা বিনিময়ের জন্য একটি প্ল্যাটফর্ম তৈরি করবে। আমাদের শিক্ষাবিদ এবং গবেষকরা বিসিএসআইআর-এ দক্ষতা এবং ডেটার বিশাল ভাণ্ডারে ব্যবহার করে সহযোগিতামূলক প্রকল্পে নিযুক্ত হওয়ার সুযোগ পাবেন। এটি নিঃসন্দেহে যুগান্তকারী আবিষ্কারের দিকে পরিচালিত করবে এবং আমাদের জাতির সামগ্রিক অগ্রগতিতে অবদান রাখবে। এই এমওইউ আমাদের শিক্ষার্থীদের জন্য বিসিএসআইআর-এর সাথে ইন্টারশিপ, ফেলোশিপ এবং যৌথ গবেষণা কার্যক্রমে অংশগ্রহণের অনন্য সুযোগ তৈরি করবে। একটি গবেষণা-নিবিড় পরিবেশে নিজেদের নিমজ্জিত করার মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা বিখ্যাত বিজ্ঞানী এবং বিশেষজ্ঞদের কাছ থেকে শিখবে এবং বৈজ্ঞানিক পদ্ধতির গভীর উপলব্ধি, অন্তর্দৃষ্টি এবং মূল্যবান দক্ষতা অর্জন করবে যা তাদের একাডেমিক এবং পেশাদার যাত্রাকে রূপ দেবে। আগামী বছরগুলোতে বিসিএসআইআর এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সুবিধাগুলো দেখার অপেক্ষায় আছি।

উল্লেখ্য, প্রাথমিকভাবে পাঁচ বছরের জন্য এই চুক্তি কার্যকর থাকবে। প্রতি পাঁচ বছর পর উভয় পক্ষের সম্মতিতে এটি নবায়ন করা হবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, মাননীয় প্রো-ভিসি অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ুন কবির, মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আসাদুজ্জামান, কুবি একাডেমিক কাউন্সিলের সদস্য প্রফেসর ড. মুশফিক মান্নান চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. খলিফা মোহাম্মদ হেলাল, আইকিউএসির অতি: পরিচালক ড. মোঃ গোলাম মর্তুজা তালুকদার, জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ এমদাদুল হক, সেকশন অফিসার নুসরাত আরমিন প্রমুখ।

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি